

Levin
M/201



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯৫৮৭৩০১
ই-মেইল : info@dos.gov.bd
ওয়েব সাইট : www.dos.gov.bd

১৪১-১৪৩

নং - ১৮.১৭.০০০০.০১৫.৩৩.০০১.১৭/১১৭১

তারিখ : ২৭/৩/২০১৮ খ্রিঃ

বিষয় : যাত্রীবাহী নৌযান সার্ভে প্রসংগে

এখন থেকে যাত্রীবাহী নৌযান সার্ভে করার সময় নিম্নলিখিত নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকল অভ্যন্তরীণ নৌযানের সার্ভেয়ারদেরকে নির্দেশনা প্রদান করা হলো :

- (১) যাত্রীবাহী নৌযান সার্ভে করার সময় জিএ প্ল্যানের সাথে যাচাই করে নৌযানের পরিমাপ সঠিক আছে কিনা তা নিশ্চিত হতে হবে এবং ঘোষণাপত্রে সেটা উল্লেখ করতে হবে।
- (২) যে সকল ছোট আকৃতির যাত্রীবাহী নৌযানের অনুমোদিত নক্সা নেই অথচ দীর্ঘদিন যাবৎ রেজিস্ট্রেশন, সার্ভে ও টাইম টেবিল নিয়ে চলাচল করছে সে সকল নৌযানের সার্ভে পূর্ববর্তী জিএ নক্সা তৈরীর নির্দেশনা দিয়ে যাত্রী অনুপাতে উপরের এবং নীচের কাঠামো সঠিক আছে কিনা নিশ্চিত হয়ে জিএ নক্সায় অনুস্বাক্ষর করে ঘোষণাপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- (৩) যে সকল ছোট আকৃতির যাত্রীবাহী নৌযানে অনুমোদিত নক্সা আছে সে সকল যাত্রীবাহী নৌযানের কাঠামো জিএ নক্সার অনুরূপ কিনা যাচাই করার পাশাপাশি নির্ধারিত যাত্রী সংখ্যা অনুপাতে মূল ডেক ও উপরের ডেকের আসন বিন্যাস সঠিক আছে কিনা নিশ্চিত হয়ে অনুমোদিত জিএ নক্সার ছায়াশিপিতে অনুস্বাক্ষর করতে হবে এবং ঘোষণাপত্রে সুপারিশ কলামে নৌযানটির কাঠামোগত দিক “সঠিক আছে” মর্মে উল্লেখ করতে হবে।
- (৪) সার্ভের সময় প্রতিটি নৌযানের আড়াআড়ি (Side View) ফটোগ্রাফ গ্রহণ করে তার একটি করে কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- (৫) কাঠ থেকে স্টীলে রূপান্তরিত যাত্রীবাহী নৌযানের বেলায় নৌযানটির ১ম নির্মাণ সাল এবং কত সালে নৌযানটি স্টীলে রূপান্তরিত হয়েছে তা রেজিস্ট্রেশন সনদে উল্লেখপূর্বক অনুস্বাক্ষর করতে হবে।
- (৬) বড় আকৃতির যাত্রীবাহী নৌযানসমূহের জিএ নক্সা যাচাই করে অনুমোদিত নক্সার বাইরে অতিরিক্ত কোন স্থাপনা তৈরী করা হয়নি মর্মে ঘোষণাপত্রের সুপারিশ কলামে উল্লেখ করতে হবে।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরণ :

- ১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, সদরঘাট, ঢাকা।
- ২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, বরফকল ঘাট, নারায়নগঞ্জ।
- ৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ৮৭/৮৪ জর্ডন রোড, বরিশাল।
- ৪। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, পুরাতন মংলা প্রশাসনিক ভবন, টাউন খালিশপুর, খুলনা।
- ৫। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য অফিস, সিজিও ভবন, আত্মবাদ, চট্টগ্রাম।